

ফের মহাসড়ক অবরোধ করলেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা

সিরাজগঞ্জ প্রতিনিধি



রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের নির্মাণের উন্নয়ন প্রকল্প

প্রস্তাব বা ডিপিপির দ্রুত অনুমোদন ও পূর্ণ বাস্তবায়নের দাবিতে
আবারও সিরাজগঞ্জে মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করা
হয়েছে।

বুধবার (৬ আগস্ট) সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা
পর্যন্ত দুই ঘণ্টা ঢাকা-পাবনা মহাসড়কে অবরোধ করে এ কর্মসূচি
পালন করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও
কর্মচারীরা। এ সময় বিক্ষোভকারীরা প্রতিবাদী পাঠদান ও শেকল
ভাঙার গান পরিবেশন করেন। এতে মহাসড়কের দুই পাশে বিপুল
সংখ্যক যানবাহন আটকা পড়ে যানজটের সৃষ্টি হলে ভোগান্তিতে
পড়েন পথচারীরা।

আন্দোলনকারীরা জানান, প্রতিষ্ঠার ৯ বছর পেরিয়ে গেলেও রবীন্দ্র

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের জন্য ডিপিপি অনুমোদন পায়নি।

সব শর্ত পূরণ ও প্রয়োজনীয় প্রমাণক জমা দেওয়ার পরও কোনো

অগ্রগতি না হওয়ায় তারা দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন।

সম্প্রতি গত ২৬ জুলাই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান

বর্জন করে লাগাতার কর্মসূচি শুরু করেন তারা। দাবি আদায় না

হওয়ায় আগামীকাল বৃহস্পতিবার আবারও মহাসড়কে অবস্থান

কর্মসূচি এবং অর্ধদিবস প্রশাসনিক কর্মবিবরতির ঘোষণা দিয়েছেন

আন্দোলনকারীরা।

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ে কবিগুরুর প্রয়াণ দিবস পালিত

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮৪তম প্রয়াণ

দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বুধবার সকালে

বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে

পুস্পাক অর্পণ করা হয়। উপাচার্য অধ্যাপক ড. এস এম হাসান

তালুকদারের নেতৃত্বে বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক,

শিক্ষার্থী ও কর্মকর্তারা শুদ্ধা নিবেদন করেন। পরে শিক্ষক-

শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন

করা হয়।

